# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**27 FEBRUARY 2025** **7:35—7:40 AM IST**

==========================================================

বরাক উপত্যকার যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে শিলচর-গুয়াহাটীর মধ্যে চার লেনের এক্সপ্রেস ওয়েের দরপত্র আগামী জুলাই মাসে আহ্বান করা হবে । গতকাল ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে এডভেনটেজ আসামের দ্বিতীয় সংস্করনের অন্তিম দিন বক্তব্য রাখতে গিয়ে কেন্দ্রীয় সড়ক পরিবহন ও হাইওয়ে মন্ত্রী নীতিন গাডকাড়ি একথা জানিয়েছেন । মন্ত্রী শ্রী গাডকাড়ি আরো জানান যে

বাইট-------

--------------------------------------------------------------------------------

এডভেনটেজ আসাম সম্মেলনের দ্বিতীয় সংস্করন আসামের বিনিয়োগ ও পরিকাঠামো উন্নয়নে একটি নির্ণায়ক ভুমিকা পালন করবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা মন্তব্য করেছেন । দু দিনের এই সম্মেলনের সমাপ্তি অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা জানান যে এডভেনটেজ আসাম সম্মেলনে চার লক্ষ ২৮ হাজার কোটী টাকার বিনিয়োগের প্রস্তাবে রাজ্যর উন্নয়নে নতুন দিগন্তের সূচনা হবে ।

মুখ্যমন্ত্রী বলেন যে চুক্তি বাস্তবায়নে রাজ্যে পর্য্যাপ্ত কর্মীর প্রয়োজন পড়বে । এ ক্ষেত্রে শিক্ষা ক্ষেত্রে গুরুত্ব প্রদানের প্রয়োজন বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা জানান যে -------

বাইট ---------

--------------------------------------------------------------------------------

এডভান্টেজ আসাম’এর দ্বিতীয় সংস্করণে ওয়েল ইন্ডিয়া লিমিটেড, আসাম সরকারের সঙ্গে কয়েকটি সমঝোতা চুক্তিতে সাক্ষর করেছে । আমাদের বিশেষ সংবাদদাতা রাজীব লোচন বরঠাকুরের সঙ্গে হওয়া এক একান্ত সাক্ষাৎকারে কোম্পানির অধ্যক্ষ ও পরিচালন সমিতির সঞ্চালক ডঃ রঞ্জিত রথ জানান যে- ওয়েল ইন্ডিয়া লিমিটেড গুয়াহাটি সহ রাজ্যের পাঁচটি শহরে আবর্জনার থেকে উচ্চ চাপযুক্ত জৈবগ্যাস উৎপাদন প্রকল্প স্থাপন করবে । এছাড়া রাজ্যে সবুজ হাইড্রোজেন চালিত বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের ক্ষেত্রেও ওয়েল ইন্ডিয়া লিমিটেড আসাম সরকারের সঙ্গে আরো একটি সমঝোতা চুক্তি সাক্ষর করেছে বলেও ডঃ রথ জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

এদিকে আসাম সরকার ও স্টার সিমেন্ট লিমিটেডের মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোম্পানির আওতাধীন স্টার সিমেন্ট নর্থ-ইস্ট লিমিটেড তিন হাজার দুশো কোটি টাকা বিনিয়োগের মাধ্যমে আসামে সিমেন্ট ক্লিংকার ও ক্র্যাশার প্রকল্প স্থাপন করবে । অনুরূপভাবে রাজ্য সরকার এবং গ্লোবাল হেল্থ লিমিটেড-মেদান্তা গতকাল পাঁচশ কোটি টাকা ব্যয়ে একটি অত্যাধুনিক মাল্টিস্পেশালিটি হাসপাতাল স্থাপনের জন্য চুক্তি সাক্ষর করেছে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা সৈনিক কল্যান কার্য্যলয়ের উদ্যোগে জাতীয় কৃতজ্ঞতা ও সচেতনতা অভিযানের অধীনে গতকাল শ্রীভূমি জেলার দুটি হাইস্কুলে সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । এ উপলক্ষ্যে পাথারকান্দি রাজস্ব চক্রের ভুবরীঘাটের এম এ চৌধুরী মেমোরিয়াল হাইস্কুলে এবং রামকৃষ্ণনগর রাজস্ব চক্রের অধীন অনিল নগর সুভাষ হাইস্কুলে সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । সচেতনতা অভিযানে শৃংখলা , দেশপ্রেম , দেশ রক্ষায় সৈনিকদের ভূমিকা ,আত্মত্যাগ ও অন্যান্য গঠনমূলক বিষয় নিয়ে আলোচনা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা খাদ্য ,গণবন্টন ও গ্রাহক বিভাগ থেকে এক বিজ্ঞপ্তীতে শ্রীভূমি জেলায় জানুয়ারী , ফেব্রুয়ারী ও মার্চ মাসের পি এম পোষনের অধীনে ছাত্র-ছাত্রীদের চাল বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে শিক্ষা সেতুর উপস্থিতি অনুসারে ক শ্রেনী ও নিম্ন প্রাথমিক পর্য্যায়ে ছাত্র-ছাত্রীদের মাথা পিছু দৈনিক একশ গ্রাম এবং উচ্চ প্রাথমিক পর্য্যায়ে দৈনিক ১৫০ গ্রাম করে চাল বরাদ্দ করা হয়েছে ।

আগামী ২৮শে ফেব্রুয়ারীর মধ্যে বরাদ্দকৃত এই চাল ভারতীয় খাদ্য নিগম থেকে সংগ্রহ করতে এবং বিতরনের ব্যবস্থা করার নির্দেশ দেওয়া হয়েছে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দির অতিরিক্ত জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে শিরিষপুর ফায়ারিং রেঞ্জে গুলি চালানোর মহড়ার জন্য আজ থেকে আগামী দোসরা মার্চ পর্য্যন্ত ফায়ারিং রেঞ্জের পাঁচশ মিটার ব্যাসার্ধের মধ্যে গবাদি পশু নিয়ে জনসাধারনের চলাচলের উপর নিষেধাজ্ঞা জারী করেছেন । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে কাছাড় জেলার কাশিপুরের সি আর পি এফ বাহিনীর জওয়ানদের গুলি চালানোর মহড়ার জন্য এই নিষেধাজ্ঞা জারি করা হয়েছে । এই নির্দেশ প্রতিদিন সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্য্যন্ত বলবৎ থাকবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত টি-টুয়েন্টি প্রতিযোগীতায় আজ প্রথম খেলায় রয়েল এসোসিয়েশন খেলবে উইনসাম অর্গেনাইজেশন দলের বিরুদ্ধে এবং দিনের দ্বিতীয় খেলায় ব্লাড মাউথ ক্লাব খেলবে বি এম সি রেড দলের বিরুদ্ধে ।

নেতাজী সুভাস চন্দ্র বসু স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের ব্লাড মাউথ ক্লাব বিপক্ষ রাইজিং ইয়ংস্টার ক্লাবকে ৬৫ রানে এবং দিনের দ্বিতীয় খেলায় বি এম সি রেড দল মায়া ক্লাবকে ৬ উইকেটে পরাজিত করে ।

---------------------------------------------------------------------------------